



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০১

০২ জানুয়ারি ২০২৫

তারিখ: -----

১৮ পৌষ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## গাড়ি/মোটরকার আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে ০৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে দেশের মুদ্রা ও ঋণ ব্যবস্থাপনা অধিকতর সুসংহত রাখার লক্ষ্যে অন্যান্য কতিপয় পণ্যসহ মোটরকার (সেডানকার, SUV, MPV ইত্যাদি) এর আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ১০০% নগদ মার্জিন সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। জ্বালানি সশ্রয়ী ও পরিবেশবান্ধব বিবেচনায় বর্তমানে বিশ্বব্যাপী সম্পূর্ণ ইলেকট্রিক ও হাইব্রিড গাড়ির ব্যবহারকে নীতিগতভাবে অগ্রাধিকার প্রদান করা হচ্ছে। ঘনবসতিপূর্ণ এদেশে এ ধরনের পরিবহন মাধ্যম কার্বন নিঃসরণ হ্রাস ও বায়ুর গুণমান সূচক (Air Quality Index-AQI) উন্নয়নে ভূমিকা রাখতে সক্ষম হবে।
- ৪। উপর্যুক্ত বিষয়াদি বিবেচনায় সম্পূর্ণ ইলেকট্রিক ও হাইব্রিড মোটরকারের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নগদ মার্জিন সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। তবে, সম্পূর্ণ ইলেকট্রিক ও হাইব্রিড মোটরকার ব্যতীত অন্যান্য মোটরকারের (সেডানকার, SUV, MPV ইত্যাদি) আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ন্যূনতম ৫০% নগদ মার্জিন সংরক্ষণ করতে হবে।
- ৫। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১/২০২৪ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ৬। এ নির্দেশনা ০১ ফেব্রুয়ারি ২০২৫ হতে কার্যকর হবে।
- ৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২